বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০।
অফিস ফোন ঃ ০২- ৯৫৫২২০২
e-mail: dgmewt@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ

প্রশাসন পরিপত্র নং-০৫/২০২০ তারিখ ঃ ১৯-০৪-২০২০ খ্রিঃ

বিষয় ঃ করোনাভাইরাস (COVID-19) সংক্রমণ রোধে সরকার ঘোষিত সাধারণ ছুটিকালীন ব্যাংক-এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের জন্য বিশেষ স্বাস্থ্য বীমা এবং বিশেষ অনুদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ব্যাংক প্রবিধি ও নীতি বিভাগের ১৫ এপ্রিল ২০২০ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-১৮ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলারের মাধ্যমে নভেল করোনাভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে কমিউনিটি ট্রান্সমিশন রোধকল্পে ব্যাংকগুলোকে ১৬ দফা নির্দেশনা প্রদানপূর্বক সেগুলো যথাযথভাবে অনুসরণের পরামর্শ প্রদান করা হয়েছে। পরবর্তীতে উক্ত সার্কুলারের অনুবৃত্তিক্রমে ০৮ এপ্রিল ২০২০ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং- ১৩ এর মাধ্যমে ব্যাংকে আগত বিভিন্ন ভাতা গ্রহণকারীসহ গ্রাহক/দর্শনার্থী/সাক্ষাৎ প্রার্থী ও কর্মকর্তা/কর্মচারীগণ ব্যাংকে আগমন করার পর যাতে নির্দিষ্ট দূরত্ব বজায় রাখেন সে বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনে স্থানীয় প্রশাসনের সহায়তা গ্রহণ করার নির্দেশনাও প্রদান করা হয়েছে।

০৩। এতদ্‌সত্ত্বেও, ব্যাংকিং দায়িত্ব পালন করতে গিয়ে কিছু সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী ইতোমধ্যে করোনাভাইরাস (COVID-19) দ্বারা আক্রান্ত হয়েছে। এ প্রেক্ষিতে, সরকার ঘোষিত সাধারণ ছুটিকালীন ব্যাংকিং খাতকে সচল রাখতে যে সকল কর্মকর্তা/কর্মচারী তাদের জীবন ও পরিবারকে ঝুঁকিতে রেখে সক্রিয়ভাবে দায়িত্ব পালন করেছেন বা করছেন তাদের দায়িত্ব পালনের স্বীকৃতি স্বরূপ বিশেষ স্বাস্থ্য বীমা সুবিধা এবং বিশেষ অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ লক্ষ্যে, নিম্নরূপ নীতিমালা অনুসরণের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে ঃ

(ক) সরকার ঘোষিত সাধারণ ছুটিকালীন যে সকল ব্যাংক কর্মকর্তা/কর্মচারী ব্যাংকে গমণপূর্বক স্বশরীরে ব্যাংকিং কার্যক্রমে অংশগ্রহণের মাধ্যমে দায়িত্ব পালন করেছেন বা করছেন তারা করোনাভাইরাস (COVID-19) দ্বারা আক্রান্ত হলে পদমর্যাদা ভেদে সর্বনিম্ন ৫ লক্ষ টাকা এবং সর্বোচ্চ ১০ লক্ষ টাকা স্বাস্থ্য বীমা হিসেবে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক প্রদেয় হবে যা ব্যাংক কর্তৃপক্ষ নিজেরাই পদভিত্তিক প্রাপ্যতা নির্ধারণ করার সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে ;

(খ) ন্যূনতম যৌক্তিক সময়ের মধ্যে (আক্রান্ত হওয়ার সর্বোচ্চ ১৫ দিনের মধ্যে) উক্ত অর্থ প্রদান করতে হবে এবং তার সার্বিক চিকিৎসার প্রকৃত ব্যয় সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক বহন করতে হবে ;

(গ) সাধারণ ছুটির সময় দায়িত্ব পালনের কারণে করোনাভাইরাস (COVID-19) দ্বারা আক্রান্ত হওয়ার ফলে দুর্ভাগ্যজনকভাবে কোন ব্যাংক কর্মকর্তা-কর্মচারীর অনাকাঙ্খিত মৃত্যু ঘটলে বিশেষ স্বাস্থ্য বীমার জন্য নির্ধারিত অংকের ০৫(পাঁচ)গুণ বিশেষ অনুদান হিসেবে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক তাঁর পরিবারকে প্রদেয় হবে। এক্ষেত্রে, ব্যাংকে তাঁর অন্য কোন দায়-দেনার সাথে এ বিশেষ অনুদান সমন্বয় করা যাবে না। উল্লেখ্য, ব্যাংকের বিদ্যমান নীতিমালার আওতায় প্রদেয় অন্যান্য ভাতাদি ও সুযোগ-সুবিধা যথানিয়মে প্রদেয় হবে ;

(ঘ) এতদ্ব্যতীত, সাধারণ ছুটিকালীন কর্মকর্তা/কর্মচারীগণ ব্যাংকে গমনাগমণকালে কিংবা দায়িত্বপালনকালে অন্য যে কোন দুর্ঘটনার শিকার হলে তার চিকিৎসার প্রকৃত ব্যয় ব্যাংক বহন করবে।

চলমান পাতা-০২

০৪। এ নির্দেশনা সরকার ঘোষিত সাধারণ ছুটির তারিখ হতে কার্যকর হবে এবং সাধারণ ছুটি সমাপ্তির পরবর্তী ৩০(ত্রিশ) দিন পর্যন্ত করোনাভাইরাস (COVID-19) দ্বারা আক্রান্তদের ক্ষেত্রেও এই বিশেষ স্বাস্থ্য বীমা কার্যকর থাকবে। তবে, উক্ত মেয়াদকালে করোনাভাইরাস (COVID-19) দ্বারা আক্রান্ত হয়ে কোন কর্মকর্তা/কর্মচারীর অনাকাঙ্খিত মৃত্যু ঘটলে তার পরিবার অনুচ্ছেদ ৩(গ) অনুযায়ী বিশেষ অনুদান প্রাপ্য হবে।

০৫। এমতাবস্থায়, অনুচ্ছেদ নং ৩(ক) এর নির্দেশনা মোতাবেক অত্র ব্যাংকের নিম্নবর্নিত পদমর্যাদা ভিত্তিক স্বাস্থ্য বীমার প্রাপ্যতার হার নির্ধারন করা হলো ঃ

( লক্ষ টাকায়)

| ক্রঃ নং | কর্মকর্তা/কর্মচারীর পদবি/শ্রেণি | করোনাভাইরাস ( COVID-19) দ্বারা আক্রান্ত হলে স্বাস্থ্য বীমা পরিমান |
|---|---|---|
| ০১। | মহাব্যবস্থাপক ও তদুর্ধ কর্মকর্তা | ১০.০০ |
| ০২। | উপমহাব্যবস্থাপক | ৮.৫০ |
| ০৩। | সহকারী মহাব্যবস্থাপক/উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা | ৭.৫০ |
| ০৪। | মুখ্য কর্মকতা | ৬.৫০ |
| ০৫। | উর্ধ্বতন কর্মকর্তা/কর্মকর্তা | ৬.০০ |
| ০৬। | সুপারভাইজার/উপসহকারী প্রকৌশলী/ নিম্নমান সহকারী ও সমমানের তৃতীয় শ্রেণির কর্মচারী | ৫.৫০ |
| ০৭। | পিয়ন/চৌকিদার ও সমমানের ৪র্থ শ্রেণি কর্মচারী | ৫.০০ |

০৬। ০৫ নং অনুচ্ছেদে অত্র ব্যাংকের পদমর্যাদা ভিত্তিক স্বাস্থ্য বীমার নির্ধারিত হার এর ভিত্তিতে এবং বাংলাদেশ ব্যাংকের উল্লিখিত বিআরপিডি সার্কুলার লেটার নং-১৮ এর নির্দেশনা মোতাবেক বর্ণিত সুবিধাদিও প্রাপ্য হবেন।

'অনুমোদনক্রমে'

১৯।০৪।২০২০

( মোঃ মমিনুল ইসলাম তালুকদার)
উপ-মহাব্যবস্থাপক

---

প্রকা/ককপবি(প্রকিউরমেন্ট)-০১/২০১৯-২০২০/১০৩৬(১২৫০) তারিখ ঃ ১৯-০৪-২০২০ খ্রিঃ

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ</u>

০১। চীফ স্টাফ অফিসার,ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়,বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর,বাংলাদেশ কৃষি ব্যাংক/অধ্যক্ষ, বিকেবি,স্টাফ কলেজ, ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/বাংলাদেশ কৃষি ব্যাংক,প্রধান কার্যালয়,ঢাকা। উক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা,বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক(কর্পোরেট শাখা) বাংলাদেশ কৃষি ব্যাংক(স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।
০৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা,বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল শাখা ব্যবস্থাপক,বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। নথি/মহানথি।

১৯/০৪/২০২০

(ছোটন তালুকদার)
মুখ্য কর্মকর্তা